এনসিপি-জাতীয় লীগসহ নতুন ৬ দলকে নিবন্ধন দিচ্ছে ইসি



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), বাংলাদেশ জাতীয় লীগসহ ছয়টি নতুন রাজনৈতিক দল নিবন্ধন পাচ্ছে। নির্বাচন কমিশনের অনুমোদনের পর গণবিজ্ঞপ্তি জারি ও আপত্তি শুনানি শেষে গেজেট প্রকাশ করা হবে। বর্তমানে নিবন্ধিত ৫১ দলের সঙ্গে যুক্ত হয়ে মোট সংখ্যা দাঁড়াবে ৫৭।

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), বাংলাদেশ জাতীয় লীগ, বাংলাদেশ আম জনগণ পার্টি, বাংলাদেশ নেজামে ইসলাম পার্টিসহ মোট ছয়টি নতুন রাজনৈতিক দলকে নিবন্ধন দিতে যাচ্ছে নির্বাচন কমিশন (ইসি)। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, রোববার (২১ সেপ্টেম্বর) প্রাথমিক কার্যক্রম শেষ করে ফাইল কমিশনের অনুমোদনের জন্য প্রস্তুত করা হয়েছে। সোমবার কমিশনের সভায় তা উপস্থাপন করা হবে।

চূড়ান্ত অনুমোদনের পর গণবিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। এরপর আপত্তি জানাতে ১৫ দিনের সময় দেওয়া হবে। শুনানি শেষে চূড়ান্ত তালিকা গেজেট আকারে প্রকাশ করবে ইসি।

নিবন্ধনের জন্য ১৪৩টি দল আবেদন করলেও প্রাথমিক ধাপে কোনো দল শর্ত পূরণ করতে পারেনি। পরে ৮৪টি দলের মধ্যে মাত্র ২২টির মাঠ পর্যায়ে যাচাই হয়। এই ২২টির মধ্য থেকে নির্বাচিত হয়েছে ছয়টি দল।

আইন অনুযায়ী নিবন্ধন পেতে হলে একটি কেন্দ্রীয় কমিটি, অন্তত এক-তৃতীয়াংশ জেলায় জেলা কমিটি, ১০০ উপজেলা কমিটি এবং প্রতিটি কমিটিতে কমপক্ষে ২০০ ভোটারের সমর্থনের প্রমাণ থাকতে হয়। পাশাপাশি সংসদ সদস্য থাকা বা মোট ভোটের অন্তত পাঁচ শতাংশ অর্জনের শর্তও রয়েছে।

বর্তমানে দেশে নিবন্ধিত রাজনৈতিক দলের সংখ্যা ৫১। নতুন ছয়টি দল যুক্ত হলে তা বেড়ে দাঁড়াবে ৫৭।